


# ল্যাটিন ভাষাভাষী নিউ ইয়র্কবাসীদের মধ্যে ওভারডোজের কারণে মৃত্যু, 2021


প্রায়শই একটি একক গোষ্ঠী হিসেবে বর্ণনা করা হলেও, নিউ ইয়র্ক শহরে (New York City, NYC) বসবাসরত ল্যাটিন ভাষাভাষী লোকেরা 20টিরও বেশি আলাদা-আলাদা উৎসের দেশ ও ঐতিহ্য গোষ্ঠীর প্রতিনিধিত্ব করে। এই তথ্যপত্রে NYC-তে বসবাসরত সর্ববৃহৎ ল্যাটিন ভাষাভাষী ঐতিহ্য গোষ্ঠীগুলির মধ্যে ওভারডোজের কারণে মৃত্যুর তারতম্যগুলিকে তুলে ধরা হয়েছে: পুয়ের্তো রিকান, ডোমিনিক্যান, সেন্ট্রাল অ্যান্ড সাউদ আমেরিকান, এবং মেক্সিকান।

ল্যাটিন ভাষাভাষী নিউ ইয়র্কবাসীদের মধ্যে ওভারডোজ-জনিত মৃত্যুর সংখ্যা ছিল সর্বাধিক।


ল্যাটিন ভাষাভাষী নিউ ইয়র্কবাসীদের মধ্যে ওভারডোজ-জনিত মৃত্যুর হার দ্বিতীয় সর্বনিম্ন ছিল (প্রতি 100,000 নাগরিকের মধ্যে)।



NYC-র জনসংখ্যার 28% হল ল্যাটিন ভাষাভাষী নিউ ইয়র্কবাসী। NYC-তে সর্ববৃহৎ ল্যাটিন ভাষাভাষী ঐতিহ্য গোষ্ঠী দুটি হল পুয়ের্তো রিকান ও ডোমিনিক্যান।




ওভারডোজের কারণে মৃত্যুর মধ্যে 34% হলেন ল্যাটিন ভাষাভাষী নিউ ইয়র্কবাসী। জনসংখ্যার হিসেবের নিরীখে তুলনা করলে, ওভারডোজের কারণে মৃত্যুর বৃহত্তর অনুপাতটি ছিল পুয়ের্তো রিকান নিউ ইয়র্কবাসীদের।




**উৎস:** জনসংখ্যার দিভাজকের হিসেব সমন্বিত জনসাধারণের ব্যবহারের মাইক্রোডেটা সিরিজ, মার্কিন যুক্তরাষ্ট্রের জনগণনা মার্কিন জনসমাজ সমীক্ষা (Integrated Public Use Microdata Series, U.S. Census American Community Survey), 2016-2020 থেকে নেওয়া হয়েছে। ল্যাটিন ভাষাভাষী জনসংখ্যার দিভাজকের হিসেব নিউ ইয়র্ক শহরের স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (NYC Department of Health and Mental Hygiene (NYC স্বাস্থ্য বিভাগ))-এর জনসংখ্যার হিসেব থেকে নেওয়া হয়েছে, মার্কিন যুক্তরাষ্ট্রের জনগণনা ব্যুরো (U.S. Census Bureau)-এর প্রস্তুত করা একাধিক জনগণনার জনসংখ্যা বিষয়ক অনুমানসমূহ, 2000-2020 (হালনাগাদ করা হয় অক্টোবর, 2021) থেকে সংশোধন করা হয়েছে। ওভারডোজের কারণে মৃত্যু সংক্রান্ত ডেটা 15 থেকে 84 বছর বয়সী লোকদের মধ্যেই সীমিত ছিল এবং তা NYC-র মুখ্য চিকিৎসাগত পরীক্ষকের দপ্তর (NYC Office of the Chief Medical Examiner) এবং NYC-র স্বাস্থ্য বিভাগের জন্ম-মৃত্যু পরিসংখ্যান ব্যুরো (NYC Health Department's Bureau of Vital Statistics), 2021 থেকে নেওয়া হয়েছে। এই প্রকাশনার উদ্দেশ্যের জন্য, ল্যাটিন ঐতিহ্যের কথা মৃত্যুর শংসাপত্রে উল্লেখ করা হয়েছে, এবং তার উল্লেখ যদি না থাকে, তাহলে তা অনুপস্থিত হিসেবে বর্ণিত হয়েছে। অ্যালকোহল, ওষুধের ব্যবহার, প্রতিরোধ, পরিচর্যা ও চিকিৎসা বিষয়ক ব্যুরো (Bureau of Alcohol, Drug Use, Prevention, Care and Treatment)-এর বিশ্লেষণ। 2021 সালের এই ডেটা সাময়িক এবং পরিবর্তনসাপেক্ষ।

ল্যাটিন ভাষাভাষী নিউ ইয়র্কবাসী ও পুয়ের্তো রিকান নিউ ইয়র্কবাসীদের মধ্যে ওভারডোজ-জনিত মৃত্যুর সংখ্যা ছিল সর্বাধিক। ওষুধের ওভারডোজের কারণে মৃত্যু হয়েছে এমন প্রতি তিনজন ল্যাটিন ভাষাভাষী নিউ ইয়র্কবাসীদের মধ্যে একজনের মৃত্যুর শংসাপত্রে ঐতিহ্য সংক্রান্ত তথ্য অনুপস্থিত ছিল।




পুয়ের্তো রিকান নিউ ইয়র্কবাসীদের মধ্যে ওভারডোজের কারণে মৃত্যুর হার সামগ্রিকভাবে ল্যাটিন ভাষাভাষী নিউ ইয়র্কবাসীদের থেকে অপেক্ষাকৃত বেশি ছিল।



\* অনুপস্থিত ডেটাগুলির ক্ষেত্রে হারের হিসেব নির্ণয় করা যাবে না।

পুরুষ ও 35 থেকে 54 বছর বয়সী পুয়ের্তো রিকান নিউ ইয়র্কবাসীদের মধ্যে ওভারডোজের কারণে মৃত্যুর হার ছিল সর্বোচ্চ।

■ ল্যাটিনো □ পুয়ের্তো রিকান



ল্যাটিন ভাষাভাষী নিউ ইয়র্কবাসীদের মধ্যে ওষুধের ওভারডোজের কারণে মৃত্যুর সাথে জড়িত পদার্থসমূহ (ওভারডোজ-জনিত মৃত্যুতে একাধিক পদার্থ জড়িত থাকতে পারে):

